## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
www.bb.org.bd

এফইপিডি সার্কুলার পত্র নং- এফইপিডি(এফইএমপি)/০৩(এ)/২০১৬-১৯ তারিখ ঃ ২৮ জুন, ২০১৬

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়গণ,

**দৈনিক এক্সচেঞ্জ পজিশন বিবরণী Rationalized Input Template (RIT) এ Web portal এর মাধ্যমে দাখিলকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে অত্র কার্যালয়ের এফইপিডি সার্কুলার পত্র নং- এফইপিডি(এফইএমপি)/০১/২০১২-২৯, তারিখঃ ১৮/১২/২০১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারে দৈনিক এক্সচেঞ্জ পজিশন বিবরণীর *.comma separated value(csv) ফাইল Rationalized Input Template (RIT) এ Web portal এর মাধ্যমে প্রতি কার্যদিবসে সকাল ১১ঃ০০ ঘটিকার মধ্যে দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, আগামী ০১ আগস্ট, ২০১৬ হতে দৈনিক এক্সচেঞ্জ পজিশন বিবরণীর *.comma separated value(csv) ফাইল Rationalized Input Template (RIT) এ Web portal এর মাধ্যমে প্রতি কার্যদিবসে সকাল ১০ঃ০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। তাছাড়া, কোন উপযুক্ত কারণে আপনাদের ব্যাংকের এক্সচেঞ্জ পজিশন নির্ধারিত অনুমোদিত সীমা অতিক্রম করলে অথবা নির্ধারিত সময়ের মধ্যে এক্সচেঞ্জ পজিশন বিবরণী দাখিলে ব্যর্থ হলে কারণ উল্লেখপূর্বক ই-মেইলের (fepd.femp2@bb.org.bd) মাধ্যমে সকাল ১০ঃ০০ টার মধ্যে অত্র বিভাগকে অবশ্যই অবহিত করতে হবে।

উপরোক্ত সার্কুলার পত্রের অন্যান্য নির্দেশনা যথারীতি অপরিবর্তীত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(জগন্নাথ চন্দ্র ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯২